রেজিষ্টার নং ৩৫

Registered No35.

রেজিষ্টার নং৩৫

অমৃত বাজার পত্রিকা

মূল্যঃ—অগ্রিম বার্ষিক ৬৷০, ডাক মাশুল ১৷০, ষাণ্মা[illegible]ক মাশুল ৫০, ত্রৈমাসিক ২৷৵০, ডাক মাশুল ।৵০ আনা। অনগ্রিম বার্ষিক ৮৷০, ডাক মাশুল ১৷০টাকা

বিজ্ঞাপন প্রকাশের মূল্য, প্রতি [illegible]ক্তি, প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বার ৵০, চতুর্থ ও ততোধিকবার ৵০আনা।

৭ম ভাগ | কলিকাতাঃ— ১৯ আষাঢ় বৃহস্পতিবার, সন ১২৮১ সাল। ইং ২ জুলাই ১৮৭৪ খৃঃ অব্দ। | ২১ সংখ্যা

বিজ্ঞাপন।

চব্বিশ পরগণার অন্তঃপাতি আনুরপুর পরগণায় মৃত প্রাণ কৃষ্ণ বিশ্বাসের যে বিভক্ত অর্দ্ধেক অংশ আছে তাহা নিম্ন লিখিত নিয়মে পত্তনি বন্দবস্ত করা যাইবে।

১।————সমুদয় এক লাটে অথবা প্রত্যেক ডিহি পৃথক ২ রূপে পত্তনি দেওয়া যাইবে।

২।———— প্রত্যেক ডিহিতে যে লাভ ধরিয়া দেওয়া যাইবে তাহা প্রত্যেক ডিহির বিপরীত ভাগে লিখিত হইয়াছে। জমিদারেরা উক্ত লাভের বাবদ উপযুক্ত খরিদের মূল্য পাইলে উক্ত লাভ ধরিয়া দিতে প্রস্তুত আছেন। ইহা ব্যতীত জমিদারেরা খাজানা স্বরূপ যে লাভ রাখিয়াছেন তাহার মধ্য হইতে লাভ দিতে হইলে তাঁহারা বন্দবস্তানুসারে সেলামী গ্রহণ করিবেন।

[illegible]।————খরিদের মূল্য ও সেলামী বাবদ [illegible] যত টাকা দিতে স্বীকার আছেন তাঁহারা সেই বিষয় আগামী জুলাই মাসের ১৫ ই তারিখ কি তৎ-[illegible] য়্যাটর্ণী য়্যাট লা বাবু দীন নাথ বসু অথবা [illegible]লিকাতা, সিমলা, নীলমণি মিত্রের ষ্ট্রীটের [illegible] নং ভবনস্থিত বাবু কাশীনাথ বিশ্বাসের নিকট [illegible]নাইলে তত্তৎস্থানে সেই বিষয় লিপিবদ্ধ হইবে।

৪।————যাঁহারা সর্ব্বাপেক্ষা বেশী [illegible] স্বীকার করিবেন তাঁহারাই মনোনীত হইবেন।

৫।————এই রূপে মনোনীত হ-[illegible]ল যাঁহারা মনোনীত হইবেন তাঁহাদিগকে উক্ত বাবু দীন নাথ বসু এই মনোনীত হওয়ার বিষয়ের [illegible]বাদ দিবেন। এবং সেই সেই ব্যক্তিরা সচরাচার যে স্থানে বাস করেন সেই স্থানে উক্ত সংবাদ প্রচার করিয়া আইলে তাহার উপযুক্ত প্রচার হইল জ্ঞান করিতে হইবে।

৬।————এই রূপে মনোনীত হইলে যাঁহারা মনোনীত হইবেন তাঁহারদিগকে উক্ত সংবাদ প্রচারের পনর দিনের মধ্যে আপন ২ স্বীকৃত সমুদয় টাকা, ঐ টাকা গ্রহণ করিতে যে ব্যক্তি বা ব্যক্তিরা ক্ষমতা পাইবেন, সেই ব্যক্তি বা ব্যক্তিদের নিকট দিতে হইবে।

৭।————খরিদের সমুদয় মূল্য আদায় হইলে জমিদারেরা পত্তনিদারদের খরচে তাঁহাদিগকে পাট্টা লেখা পড়া করিয়া দিবেন। উক্ত পাট্টা লেখা পড়া জমিদারগণের য়্যাটর্ণীর সম্মতি সাপেক্ষ থাকিবে। পত্তনিদারেরা আপনাপন পত্তনি আপনাপন খরচে কালেক্টরিতে পৃথক রূপে রেজিষ্টারি করিয়া লইতে পারিবেন।

৮।————পত্তনি পাট্টার সর্ত্ত সকল এই মর্ম্মে হইবে। (১) খাজানার টাকা ১২ মাসে সমান ভাগে প্রত্যেক মাসের প্রথম দিনে দিতে হইবে এবং উক্ত খাজানার টাকা জমিদারগণের প্রত্যেককে তাহাদের অংশানুযায়ী পৃথক রূপে দিতে হইবে এবং উক্ত খাজানার টাকা গ্রহণ করিবার জন্য সকলে যে ব্যক্তি বা ব্যক্তিদিগকে নিযুক্ত করিবেন সেই ব্যক্তি বা ব্যক্তিদিগকে দিতে হইবে। (২) উক্ত সম্পত্তি সম্বন্ধে জমিদার কর্ত্তৃক বা অন্য প্রকারে যে সকল ট্যাক্স এইক্ষণ দেওয়া হয় অথবা ভবিষ্যতে দিতে হইবে সে সমুদয় উক্ত পত্তনিদারদের দিতে হইবে। (৩) উপরোক্ত খাজানা বা ট্যাক্স তত্তত্সম্বন্ধীয় করারের দিনে আদায়ের ক্রটী করিলে বাকী পড়া টাকার উপর বার্ষিক শতকরা ১২ টাকা হিসাবে সুদ বার হইবে এবং খাজানা ও সুদ খাজানা বাকী পড়া মাত্রেই অথবা ১৮১৯ সালের ৮ আট আইনের বিধান ক্রমে আদায় করিয়া লওয়া যাইবে। (৪) পত্তনিদারেরা তাঁহাদের পত্তনি মহালের কোন জমা বা তাহার অংশ এইক্ষণকার আদায়ী জমার কম জমায় বন্দ বস্ত করিয়া দিতে পারিবেন না (৫) পত্তনিদারেরা তাঁহাদের মহালে জমি জরিপ জমাবন্দী ইত্যাদি করিতে সম্পূর্ণ রূপে ক্ষমবান হইবেন।

৯।———— উক্ত সম্পত্তির উপস্বত্ব নিম্নে বিস্তারিতকরিয় লিখিত হইল। পত্তনিদারেরা উপরোক্ত খরিদের ও সেলামীর টাকা আমানত করার পর তিন মাসের মধ্যে জমিদারগণের নায়েবের সহিত উহা মোকাবেলা করিয়া লইতে পারিবেন। উক্ত সময় উত্তীর্ণ হইয়া গেলে কম উপস্বত্বের মূলে কোন আপত্তি গ্রাহ্য করা যাইবেনা এবং কম উপস্বত্বের মূলে পত্তনি সম্বন্ধীয় চুক্তি ধ্বংশ হইবে না।

১০।————মহাল সমূহে এইক্ষণ যে খাজানার টাকা বাকী পড়িয়া রহিয়াছে তাহা পত্তনিদারেরা আপনাদের খরচে আদায় করিয়া লইবার ভার আপনাদের উপর হইতে পারিবেন এবং জমিদারেরা এই আদায়ী টাকার উপর শতকরা দশ টাকা হিসাবে কমিশন দিবেন।

বিশেষ দ্রষ্টব্য। উক্ত জমিদারির অন্তর্গত কোন খাসের জমি, বাগ বাগিচা, পুষ্করিণী অথবা কোন ব্রহ্মোত্র ও লাখেরাজ ও দেবোত্র ও খরিদ জমি এই পত্তনি ভুক্ত হইবে না। এবং তত্তৎ সম্বন্ধে পৃথক বন্দ বস্ত করা যাইবে।

ডিহিওমৌজার নাম	জমা ওজস্তা	বাদ অনাদায়ী ও ওজরি জমা	বাকী জমা	বার নিয়মিত আদায়ী বাট্টা	মোট জমা	মফঃস্বলি সরঞ্জামী খরচ	বাকী জমা	লাভ যাহা ধরিয়া দেওয়া যাইবে।
ডিহি আজুনাপুর	৬৯৬৫॥৶১১	১৮৬০।৯।	৫১০৪।৶১৫	৫ ৫১১৫	৫১৫৫৶১৩॥	২১০	৪৯৪৫৶১৩॥	২০০০
ডিহি সুহিয়া	১২৪২৭।৶১৯৫	৬০৭৮১৪॥	৬৩৪৯।৶৫।	৬১৫৵১৯৫	৬৪১১।৵৫	২১০	৬২০১।৵৫	৩০০০
ডিহি চন্দ্রপর	১০১২২৯	২৯৪৯॥/১	৭১৭২।৶৮	৭০৫/৪।	৭২৭৩।১২।	২৮৭	৬৯৫৬॥১২।	৫০০০
ডিহি ভাড়া	৭৩৮৪॥৵৭॥	১৬২৬৫/১৫৫	৫৭৫৭৫১১৫	৫৩।৵৫	৫৮১১৵১৬৫	২৮৫	৫৫২৬৵১৬৫	২০০০
ডিহি চণ্ডজুড়ি	৬০৪৫৯॥	১১৫১৫/১১৫	৪৮৯৩৵১৭৫	৪৩/৫॥	৪৯৩৬॥০	৪১২	৪৭২৪।৩	২০০০
ডিহি কোতরা	৬২৪১২।০	১৫৩৮৶৯	৪৭০২৫১৩।	৪৪॥০১১৫	৪৭৪৭।/৫	২৫৫	৪৪৯২।/৫	২০০০
ডিহি রোহান্দা	৫৮২২৬	১০৪৮।১৯	৪০৭৩॥৶৭	৪০৫১৫	৪১১৪।৶৮৫	১৯৫	৩৯১৯।৶৮৫	২০০০
ডিহি দেজাড়া	৫৬০৯৶৭	১৬৪৬। /৩।	৩৯৬২৫৵৩৫	৩৩।৵	৩৯৯৬।৩।	২১৫৫০	৩৭৮৩॥০৩৫	১৫০০
ডিহি বামনডাঙ্গা	৫৮১০৫১৭	১৫৯৮।৶৭।	৪২১২।/৯৫	৪১৫৵	৪২৫৪৶৯৫	১৯০	৪০৬৪৶৯৫	১৫০০
ডিহি বড়বাড়ী	৭৭০৮।৵৫৫	১৮৯৭॥/৭॥	৫৮১০৫১৮।	৫২॥৵১৩	৫৮৬৩।৶১১।	২৫০	৫৬১৩।৶১১।	২০০
ডিহি রংপুর	৩৪২৬।৶১৮৫	৮৪৩।/১৭।	২৫৮৩৵১॥	২১॥৶৬৫	২৬০৪৫/৮।	১৫৯৫০	২৪৪৭/৮।	২৫০০
ডিহি বিষ্ণুপুর	৪৫০০৶১১॥	৮২৫/১০॥	৩৬৭৫৵১	২২৶১২৫	৩৬৯৭/১৩৫	৬০	৩৬৩৭।/১৩৫	১০০০
ডিহি ফলটী	৩৩৯০॥/১।	৪৬৭॥৶৬॥	২৯২২৫/১৪৫	২৭॥৶১৬৫	২৯৫০।/১১॥	১৫৫॥	২৭৯৫/১১॥	১০০০
ডিহি কাদম্বগাছি	২২৯৩॥১০।	৩৯৭৩।	১৮৯৬॥৭	১৮৫/৫	১৯১৫।/১২	৯৯	১৮১৬।/১২	৯০০
ডিহি নওয়াপাড়া	২০৭৮৫৯॥	৩৮৩৫৬	১৬৯৫৩॥	১১৫/৫	১৭১০৫/৮॥	৮০	১৬৩০৫/৮॥	৮০০
	৮৯৮৩২৫৵৫৫	২৫০১২।৶১৫	৬৪৮২০।৶৪	৬০৩॥৯।	৬৫৪২৩৫৶১৩।	২৮৬৪	৬২৫৫৯৫৶১৩।	২৬১

ভারতবর্ষ কি ক্রমশঃ সমৃদ্ধিশালী হইতেছে ?

এখনো কোন কোন এ দেশীয় শিক্ষিত ব্যক্তিদের মধ্যে ভ্রম আছে যে ইংলণ্ড ভারতবর্ষ হইতে এক কপর্দ্দকও লন না। দশ বৎসর পুর্ব্বে এ বিশ্বাসটি প্রায় সাধারণ ছিল, কিন্তু নাইট সাহেব তাঁহার “ইণ্ডিয়ান ইকোনমিষ্ট” নামক পত্রিকায় এ সম্বন্ধে একটি সুন্দর প্রস্তাব লিখিয়া অনেকের বিশ্বাস দূর করেন। নাইট সাহেব এখন বেঙ্গাল গবর্ণমেণ্টের সহকারী সেক্রেটারী হইয়া তাঁহার মত পরিবর্ত্তন করিয়াছেন বটে, কিন্তু তিনি যখন বোম্বাইয়ে ইণ্ডিয়ান ইকোনমিষ্টের স্বাধীন সম্পাদক ছিলেন তখন তাঁহার মত আর এক প্রকার ছিল। সেই সময় তিনি একটা প্রস্তাব লিখিয়া স্পষ্টাক্ষরে দেখান যে ইংলণ্ড বৎসর২ ভারতবর্ষ হইতে ১৬ কোটি টাকা শোষণ করেন। ইহার কিছু দিন পরে বোম্বাইয়ের দাদাভাই নারোজী লণ্ডনে একটি বক্তৃতা করিয়া সপ্রমাণ করেন যে ইংলণ্ড ক্রমে ক্রমে এ দেশ নির্ধন করিতেছেন। তিনি একটি আনুমানিক হিসাব ধরিয়া লন এবং উহা দ্বারা দেখান যে ইংলণ্ড বৎসর বৎসর বারো কোটি টাকা শোষণ করেন। এ দেশীয় প্রজারা কি রূপ দৈন্য তাহাও তিনি স্পষ্টরূপে প্রমাণ করেন। এ দেশীয়দিগের প্রত্যেকের বাৎসরিক আয় গড়ে পঁচিশ টাকা তিনি ধরিয়া লন, তাহা হইলে প্রতি সপ্তাহে প্রতি জন আট আনার কম উপার্জ্জন করে। ইহার উপর আবার ইংলণ্ডের বৎসর বৎসর ১৬ কোটি টাকা শোষণ। ইহা বাদ দিলে প্রতি সপ্তাহে আমরা প্রত্যেকে সাত আনা করিয়া উপার্জ্জন করি ও প্রতি দিন চারি পয়সার কিঞ্চিদধিক আমাদের উপার্জ্জন হয়! ইংরেজদের আগমনের পূর্ব্বে ভারতবর্ষের কি রূপ অবস্থা ছিল এবং তাঁহাদের আগমনেই বা উহার কি রূপ অবস্থা হইয়াছে তাহা এক বার বেহার অঞ্চল দেখিলে স্পষ্ট রূপে প্রতীয়মান হইবে। হিন্দুদিগের সময় ত কথাই নাই, মুসলমানদিগের সময়েও এখানে প্রভুত ঐশ্বর্য্য ছিল। এক জন ইংরেজ ইতিহাস বেত্তা বলেন যে বেহারের ন্যায় ধন ধান্যে পূর্ণ স্থান পৃথিবীর কোথাও ছিল কি না সন্দেহ। কিন্তু এখন সেই বেহারের কি দুর্দ্দশা হইয়াছে! দুর্ভিক্ষের প্রখর বাণ দ্বারা উহা প্রতি দশ বৎসর অন্তর জর্জ্জরীভূত। এখানকার বিশেষতঃ ত্রিহুতের লোকদিগকে এখন যে কেহ দর্শন করিয়াছেন তিনিই চক্ষের জল সম্বরণ করিতে পারেন নাই। ইহাদিগের জীর্ণ শীর্ণ কলেবর, ছিন্ন বস্ত্র পরিধান, মলযুক্ত ও ধুলিময় শরীর, পর্ণ কুটির ইত্যাদি দেখিলে কখনই বোধ হয় না যে ইহারা কখন সমৃদ্ধিশালী অবস্থায় ছিল। এখন বৎসরের মধ্যে ছয় মাস উপবাস কি এক সন্ধ্যা আহার করিয়া ইহাদিগের জীবন কাটাইতে হয় এবং ইহারা যে সকল দ্রব্য আহার করে অন্য স্থানে তাহা গোরু কি ছাগলেও তৃপ্তির সহিত আহার করে না। ইংরেজদের আগমনে ত্রিহুতময় নীল কুঠি হইয়াছে এবং প্রধানতঃ নীলকরদিগের অত্যাচারেই এমন সোনার দেশ ছারখার হইয়াছে। আমাদের নিজ বাঙ্গলাদেশেরও কি রূপ অবস্থা হইয়াছে তাহা যাঁহারা পল্লিগ্রাম ভ্রমণ করিয়াছেন তাঁহারা সাক্ষ্য দিতে পারেন। দক্ষিণ ও পশ্চিম অঞ্চলের গুটি কতক পল্লী ভিন্ন বাঙ্গলায় এমন গ্রাম নাই যেখানে মধ্যবর্ত্তী লোকের ঘরে অন্ন আছে। কৃষকদের অবস্থা পূর্ব্বাপেক্ষা কিছু ভাল হইয়া থাকিবে কিন্তু এক বার অজন্মা হইলে ইহাদের হা অন্ন করিয়া বেড়াইতে হয় এবং এখন প্রতি পাঁচ বৎসর অন্তর এ দেশীয়েরা যেরূপ কষ্টের সহিত তাহাদের কঠিন জীবন অতিবাহিত করে তাহাতে তাহাদের দৈনিক আয় যে চারি পয়সার কিঞ্চিৎ অধিক ধরা হইয়াছে সেটি অন্যায় বোধ হয় না। ইংরেজ গবর্ণমেণ্টের প্রধান দোষ এই যে এ দিকে শুল্ক বসাইয়া ও রপ্তানির সুগম করিয়া দিয়া যেরূপ জিনিষের মূল্য দিন দিন বৃদ্ধি করিতেছেন আবার সেই সঙ্গে সঙ্গে আমরা নির্ধন হইতেছি। পূর্ব্বে আমাদের এখন অপেক্ষা বেশী আয় না থাকিলেও খাদ্য দ্রব্যাদি এরূপ অজস্ছল ছিল যে লোকের বিনা কষ্টে চলিয়া যাইত। এখন প্রজার মুখের অন্ন কাড়িয়া লইয়া ইংলণ্ড যেমন বিলাস সাগরে সন্তরণ দিতেছেন সেই রূপ বিলাতি জিনিষের আমদানি হইয়া ভারতবর্ষের দেশে জাত বানিজ্য এক কালে নির্মূল হইতেছে। প্রতি জাহাজে বিলাতি কাপড়ের আমদানির সঙ্গে সঙ্গে সহস্র সহস্র মনস্তাপ, দুষ্কর্ম্ম, অনশন, দুর্ভিক্ষ এ দেশে আগমন করিতেছে। পূর্ব্বে জেলায় জেলায় তাঁত চলিয়া সহস্র সহস্র পরিবার প্রতিপালিত হইত, এক্ষণ দিন দিন এ সমুদায় বন্ধ হইতেছে। শুদ্ধ কাপড় নয়, আমাদের অবশ্য প্রয়োজনীয় প্রায় অর্দ্ধেক দ্রব্যের নিমিত্ত ভিন্ন দেশের মুখাপেক্ষী হইয়া আমাদের থাকিতে হয়। বাণিজ্য সম্বন্ধে ইংলণ্ড ও আমাদের সঙ্গে কারিকর ও মুজুর সম্পর্ক। আমরা কাজ করি আর ইংলণ্ড তাহার উপস্বত্ব ভোগ করেন। আমরা পরিশ্রম ও অর্থ ব্যয় করিয়া এখানে দ্রব্যাদি প্রস্তুত করি এবং ইংলণ্ড অল্প মূল্যে উহা আমাদের নিকট হইতে গ্রহণ করিয়া তাহাই আবার অনেক গুণে আমাদের নিকট বিক্রয় করেন। আমরা তুলা প্রস্তুত করি, ইংরেজেরা উহা দ্বারা সুতা ও থান প্রভৃতি কাপড় প্রস্তুত করিয়া আমাদের নিকট অধিক মূল্যে বিক্রয় করেন। এক বার ইংরেজ বণিকেরা এ দেশ হইতে ৯২১১৩০ টাকার চিনি লইয়া যান, আবার তাহাই পরিস্কার করিয়া এ দেশে উহা ৬০৮১৩১০ টাকায় বিক্রয় করেন, অর্থাৎ প্রায় সাত গুণ লভ্য হয়। ইহাতে দেশের অর্থ শোষণ হইতেছে, দেশ জাত বাণিজ্য ব্যবসায়ের লোপ পাইতেছে এবং আমরা ক্রমে ইংলণ্ডের মূজুর হইয়া উঠিতেছি। অর্থ-ব্যবহার-শাস্ত্র-বেত্তাদের মধ্যে কাহার ২ এই রূপ মত যে জল যেমন সমতল ভিন্ন অবস্থিতি করিতে পারে না অর্থও সেই রূপ সময়ে সর্ব্বত্র সমান রূপে বণ্টন হইয়া পড়িবে। ইংলণ্ডে ধনের স্রোত প্রবল বেগে প্রবাহিত হইতেছে বটে, কিন্তু এই নিমিত্ত তথায় অর্থের তত আদর নাই, সুতরাং ইংরেজ বণিকেরা অনেকে নির্ধন অর্থাকাংখী ভারতবর্ষে আসিয়া তাহাদের অর্থ খাটাইতে বাধ্য হইবেন এবং ক্রমে ইংলণ্ড ও ভারতবর্ষের ধন সমান হইয়া পড়িবে। যদি ভারতবর্ষ ইংরেজদের একটি উপনিবেশ স্থান হইত তাহা হইলে এ যুক্তিটি কতক খাটিত, কিন্তু এ দেশ ইংরেজদের প্রবাস ভূমি মাত্র, পারত পক্ষে তাঁহারা এখানে বাস ও তাঁহাদের উপার্জ্জিত অর্থ ব্যয় করেন না এবং যদিও কোন ২ ইংরেজ বণিক তাহাদের অর্থ এ দেশে আনিয়া খাটাইতেছেন, কিন্তু তাঁহারা কল্যই ভারতবর্ষ পরিত্যাগ করিয়া ইহা অপেক্ষা অন্য কোন দরিদ্র দেশে গিয়া তাহাদের অর্থ খাটাইতে পারেন। ভারতবর্ষ ভিন্ন অষ্ট্রেলিয়া প্রভৃতি অনেক দেশের সঙ্গে ইংলণ্ডের নৈকট্য সম্বন্ধ আছে এবং অষ্ট্রেলিয়া প্রভৃতি কোন উপনিবেশই ইংরেজ মহাজনদিগের প্রতি রুসিয়ার কুদৃষ্টি পড়িয়াছে এব…
ইংরেজবণিক সম্প্রদায়ের মধ্যে অনেকের এরূপ মত যে ভারতবর্ষ রুসিয়ার হস্ত গত করিয়াও যদি তাহার বন্ধুতা উপলব্ধি করা যায় তাহাও করা কর্ত্তব্য, এই নিমিত্ত অনেকে সাহস করিয়া এ দেশে অর্থ খাটাইতে চাহেন না। এমত অবস্থায় ভারতবর্ষের ধন নৈসর্গিক নিয়মানুসারে পুনরায় যে এ দেশে প্রত্যাবর্ত্তিত হইবে তাহা কে জানে? আর যদিও ইংরেজেরা এখানে আসেন ও আসিয়া অবস্থিতি করেন তাহা হইলেও তাহারা মহাজন ও আমরা চিরকাল তাহাদের মুজুর থাকিব। ফল ভারতবর্ষ যেরূপ দিন দিন অর্থশূন্য হইতেছে তাহাতে ইহার পরিণাম যে কি হইবে তাহা আমরা অনুভবও করিতে পারি না। এ দেশীয় সংবাদ পত্র সমূহ প্রায়ই দীন দুঃখী প্রজাদিগের ফটোগ্রাফী তুলিয়া মাঝে মাঝে গবর্ণমেণ্টের সম্মুখে ধরিয়া থাকেন। কিছু দিন হইল প্রধান গবর্ণমেণ্টের মুখ পাত্র স্বরূপ পাওনিয়র পত্রও এ দেশীয়দিগের দুরবস্থা বর্ণন করিয়া একটী বিভীষিকা মুর্ত্তি চিত্রিত করেন। কিন্তু তথাচ আমরা বুঝাতে পারি না গবর্ণমেণ্ট কোন্ প্রাণে ইহাদিগের স্কন্ধে এরূপ উচ্চ হারে এতটি কর স্থাপন করিয়া নিশ্চিন্তে বসিয়া আছেন?

রেলওয়ে দুর্ঘটনা।

শ্যামনগরের হত্যা কাণ্ডের পর অবধি গবর্ণমেণ্ট বিশেষ মনোযোগ করিয়া দেখিয়া থাকেন যে বৎসর বৎসর রেলওয়ে দুর্ঘটনায় কত লোক হত ও কত লোক আহত হইয়া থাকে। গবর্ণমেণ্টের এ বিষয়ে সম্পূর্ণ রূপে রেলওয়ে কর্ত্তৃপক্ষদের উপ… নির্ভর করিতে হয়, সুতরাং প্রকৃত ঘটনা কত দূর প্রকাশ… পায় তাহা বলা যায় না। আপন দোষ গোপন করা মনুষ্যের স্বভাব সিদ্ধ, এবং রেলওয়ে বিভাগে… যে সকল ঘটনা প্রকাশ পায় না তাহা এক রূ… সাধারণের বিশ্বাস। রেলওয়ে কর্ত্তৃপক্ষীয়েরা দ… করিয়া বলেন যে শ্যামনগরের দুর্ঘটনায় কয়ে… লোক মাত্র হত হয়, কিন্তু শ্যামনগরে যে প্রকৃত… না কি হয় তাহাতে এক্ষণ পর্য্যন্ত অনেকের স… আছে। ফল গবর্ণমেণ্টের যে এ দিকে দৃষ্টি পড়িয়া… ছে এটি শুভজনক বলিতে হইবে। ইহাতে রেলওয়ে… কর্ত্তৃপক্ষদের অনেকটা সতর্ক হওয়ার সম্ভাবনা। রেলওয়ে কম্পানির ভারতবর্ষীয় রেলওয়ে দ্বারা কো… লাভ হয় না হয় সে দিকে তাহাদের দৃষ্টি কম, কা… গবর্ণমেণ্টের সহিত তাহাদের এই রূপ বন্দবস্ত আ… যে রেলওয়ের নিমিত্ত তাহারা যে টাকা খাটাই… তাহার দরুন শত করা পাঁচ টাকা সুদ তাঁহার… বর পাইবেন। এই ৫ টাকা সুদেই রেলওয়ে কম্পা… সন্তুষ্ট, কাজেই রেলওয়ের উন্নতি কি অবনতির দরু… রেল শকট আরোহীদিগের কোন রূপ সুবিধা ি… অসুবিধা হয় তৎ পক্ষে তাহাদের তত মনোযোগ হ… না। গবর্ণমেণ্ট যদি সাক্ষাৎ ভাবে তাহাদের কার্য্যে… মধ্যে প্রবেশ করেন তবে প্রকৃত বিস্তর উপকার হয়… গত ৫ বৎসরে কোন্ কোন্ রেলওয়ে কত দুর্ঘটনা… তাহার তালিকা ইণ্ডিয়া গেজেটে প্রকাশিত হইয়াছে… আমরা উহা নিম্নে প্রকাশ করিলামঃ—

	১৮৬৯	“৭০	“৭১	“৭২	“
ইষ্ট ইণ্ডিয়ান	৭৬	১৮৭	১৫[illegible]	৬৯১	
ইষ্টার্ণ বেঙ্গাল	৩	৮	২	৮	
আউড ও রোহিল খণ্ড	৩৩	১৪	৪-	২৬	

THE AMRITA BAZAR PATRIKA.

CALCUTTA—THURSDAY 2nd *July* 1874.

We are glad tc hear that that able paper of Madras *Native Public Opinion* is going to be made a bi-weekly.

Babus Bhoodeb and Jogodishnath have got promotion, so long they were taken no notice of. We hope Sir Richard Temple will continue to deal fairly with the people he has come to rule. May we inquire why the Forest and Opium Departments are closed against the natives? We do not at all understand the policy of the thing. Some posts ought to be given to the natives.

We have to acknowledge with thanks the receipt of a copy of "the Selections from annual reports." The Selections contain a mass of valuable information. We hope Sir Richard Temple will here follow in the wake of his predecessor, and employ the newly created sub-deputies in collecting statistical informations from the district.

We are exceedingly glad to learn that Sir Richard Temple has suspended Road cess collections in Hoogly. This Sir George refused to do. This fact speaks for itself, comments are needless.

A correspondent from Gya sends us an account of an outrage which we hope is exaggerated. Two men in distress, presented themselves before Mr. Palmer, the Magistrate, and applied for advances of money. Mr. Palmer granted the request of one and rejected that of another. At this, the disappointed suitor began to importune with folded hands and piteously cried for mercy. But Mr. Palmer was very much irritated at his obstinacy and gave him a kick which however proved so violent that the man bled copiously. Mr. Palmer immediately made off after the kick was administered, and perhaps is up to this moment ignorant of the serious effect which his salutary kick proved upon the individual. Relief officers ought to be cool and patient.

The following appeared in the report on the Vernacular papers:

"The Jamalpore correspondent of the *Dacca Prokash* of the 31st May complains that Mr. Donough, the Deputy Magistrate and Collector of Jamalpore, is unduly assisted in the work of trying suits by his Sherishdar, who, in consequence is believed to possess great influence over him, and who does not fail to turn his power to good account. Bribes are freely taken."

The same paper has been publishing the same tale from some time past. In its last issue the Jamalpore correspondent of the same paper bitterly complains that though they had repeatedly brought the fact of the sherishtadars undue influence over Mr. Donough to the notice of Government no notice whatever was taken. The correspondent writes rather boldly, he says, why does not Mr. Donough bring a libel suit against them? Why though Grish Chandra Roy brought a complaint against him no notice was taken of it? Sometime ago a correspendent wrote to us from Jamalpore giving in detail the circumstances in connexion with Mr. Donough and his Sheristadar. But we declined to publish such serious charges against public servants without due inquiry. We wanted proofs, and at this many respectable men of Jamalpore corroborated the same account. If for no other reason at least for the sake of the fair fame of Mr. Donough an inquiry should be made.

Babu Gosto Beharee Mullick brought a charge of assualt against one Mr. Gill. But it is easy to bring a charge, the great difficulty is to prove it, especially if the charge be against a European. Failing to obtain satisfaction in the Police Court, he brought a civil action in the Small Cause Court. Even there he did not meet with better success and on the contrary he was made to pay damages to Mr. Gill for bringing a vexatious complaint which he could not prove. The *Indian Mirror* naturally exults at this, as nothing gives it greater pleasure than the misfortune of others and especially if the misfortune happen to fall upon a country- of his. Babu Gosto Beharee could not [illegible] the offe[illegible] happened; Gushto Beharee Babu tamely submitted to the assault. If he had resisted, he could have not only shewn marks on his person but would have been more universally sympathised both by his own countrymen and Europeans. Englishmen do not carry revolvers, and in Bengal at least would not shoot at an individual even if they did, and so we see no harm in returning a blow of an Englishman with as much force as one can command. There is no doubt a chance of losing an ounce or two of blood in going to fight with an Englishman, but we can well spare an ounce or two of blood and yet live. And physiologists will tell you that the best way of gaining blood is by losing it. We would advise Babu Gusto Beharee to throw up his pen, which he so ably wields and take up a club and learn how to use it. To turn now to the more agreeable case of Konnaghur, some further particulars of which we have learnt from the *Shahachar* and *Shaptahic Shamachar*. Babu Beharee Lal Roy wanted to get into an intermediate carriage from the Serampore Station but he was not allowed by a European, the only occupant of the carriage. An altercation ensued, the station master was referred to, but he adopted the safe course of putting Beharee Babu into another carriage. The train reached Konnaghur and Beharee Babu alighted and requested the Station master to help him in getting the name of the European who had abused him. The Station Master accompanied by Beharee Babu went to the European, who is an Assistant Superintendent of Police, and demanded his name. The name was not given but Babu Beharee was violently assaulted by the Assistant Keeper of the Peace who had come down to grapple effectually with the persistant and obstinate native. Now it never occured to this irritable son of Mars that Baharee was the nephew and disciple of the late Babu Kalli Kumar De of Rishra. Babu Kalli Kumar was a terror to the evil doing Europeans, he never resorted to the Police or Small Cause Court to obtain satisfaction, he rather preferred to depend upon his trusty fist, and the result was, he had never to establish his case and dance attendance at any court. Babu Beharee was ambitious to follow in the footsteps of his noble uncle, and he was quite ready to receive the blows of the Keeper of the Peace, and like a gentleman to pay them with compound interest. Only too late the European found that he had mistaken his man, and began to see oil seed flower at the repeated and well directed blows of the Babu. He staggered; blood was drawn, when few Europeans from the First class came to his assistance. Babu Beharee resented this interference and said "Come one at a time and I will fight you all.' But these gentlemen had no mind to fight, they came to protect the person of the European from the merciless blows of the Bengallee Babu. Both of them were at last handed over to the Police. Beharee Babu spoke the whole truth and Mr. Jeffry the Magistrate fined the European in the sum of Rupees Thirty. The *Shaptahic Shomachar* requests the Government to take into its consideration, the fact of the European being a Police Officer, whose duty was to keep the peace and not to break it. It is not at all necessary, this Police Officer will never more assault a Bengallee. To our humble thinking, there cannot be peace between the two races, Europeans and natives, so long the natives do not learn to assert their rights. It is a mistake to suppose that the natives will fall in the good graces of their rulers if they continue to assert their rights and provoke them by their impertinence. The natives cannot bear contempt, nobody not hopelessly degenerated and demoralized can, and Europeans will naturally continue to treat them with con-
tempt, so long they do not shew in an unmi-
takeable manner, that they are no longer go
to be treated in that way. If we deserve t
treated with respect by our rulers, frien
will immediately follow; friendship fo
upon the sohd basis of equality and frat
and not that of patron and *protege,*
and dog.

ANOTHER TOOTH BREAKING AFFA
time ago we published the accounts
hebgungo case where a Bazar was
the auspices of Mr. Harvey and h
the Magistrate came to the res
brother. It is no wonder th
an inveterate hatred towards
The District Reports teem
the District Magistrates
Press, but that of Mr. D'
in bitterness and rancor.
r[illegible] the case, publis
[illegible] Polic

Barton so that three of his teeth were broken, and Mr. D'Oyly, as usual, took the part of his countryman and committed the Sub-Inspector to sessions. Mr. D'oyly discredited the assertions of the witnesses of the defendant on the ground that they were all mussalmans, trying to save their countryman. Every one judges others by his own standard was Mr. D'Oyly very anxious to help his countrymen at the expense of truth and justice? We think not, for then he would have not committed the Sub-Inspector to Sessions; possessing ample powers, he would have finished the business himself. But the profound logical acumen of Mr. D'Oyly surprizes us, and he a district Magistrate who passed the difficult Civil Service Examination! Barton a Government officer sends for the Sub-Inspector at his house, tells him to do a thing, an altercation ensues, they fight each other and Mr. D'Oyly charges the Sub-Inspector with assaulting a public Officer in the discharge of his duty! From this it would appear that according to Mr. D'Oyly's opinion striking a man was a part of the duty of Lieut. Barton, for the Sub-Inspector obstructed Mr. Barton in only freely using his fists. Mr. D'Oyly says that the Sub-Inspector "was in fact so grossly impertinent that this provocation alone was enough to provoke any Englishman to retaliate." Mr. D'Oyly forgets one thing, an Englishman has his feelings and the Sub-Inspector had his feelings too. But without further comments we insert below the able and impartial judgment of Mr. Tweedie, the Sessions Judge:

"One day about the end of last March, certain Constables, who worked along with Lieut. Barton in Famine Transport duties, at Godagari were careless or insubordinate. For this offence Mr Barton struck them with a cane. They absented themselves from duty next day, and Mr. Barton sent for the Sub-Inspector of the Godagari police station, and required that that officer should cause the return of the absent Constables. The Sub-Inspector explained that they had gone to the Magistrate to complain against Mr. Barton for flogging them the day before and that he the Sub-Inspector could not produce them. Then Mr, Barton ordered the Daroga off and as the Daroga did not go as fast as Mr. Barton desired, he (Mr. Barton) rose from the chair on which [illegible]as sitting, and stepped towards the Daroga,

"All these facts are eli[illegible] Mr. Barton'
examination and by that
for the prosecution.

"Beyond this point
Mr. Barton says that th
having changed his
pect to one of disre
stick and struck M
with it, to the ca
bruises, Mr. Bar
neither spoken to
between the tim
chair and the l
for the Sub-
up, using ba
and violentl
spector ca
hands di
unintent
body,
in yie
willin
den
the
bl

সিন্ধ	১৪	২৮	৫১	৪৯	৪১
কলিকাতাও দক্ষিণ পূর্ব্ব ষ্টেট	৩	৪	০	৫	২
নলহাটি	৬	৯	০	২	১
রাজ পুতনা	০	০	০	০	১৪
মান্দ্রাজ	৫০	৭৪	৬৮	৬০	৬৪
গ্রেট সাউদার্ণ	৪১	১	১	৩	১৯
গ্রেট ইণ্ডিয়ান	১৮৩	৩১৩	১৪৬	১৫০	১১১
বম্বে	১৩১	৭৫	৩৬	৪৪	৩৮
কর্ণাটিক	১	২	১	১	০
মোট	৫৮২	৭৭২	৫৪৮	১৫৩	৬২১

উপরি উক্ত তালিকা দ্বারা প্রকাশ পাইতেছে যে ১৮৭২ অব্দে ৭৩ অব্দ অপেক্ষা বিস্তর দুর্ঘটনা হয়। কিন্তু তেমনি একটি কথা আছে। ৭৩ অব্দের তালিকায় ক্ষুদ্র২ দুর্ঘটনা গুলি ধরা হয় নাই। তাহা হইলে উভয় বৎসরে এত তারতম্য দৃষ্ট হইত না। এটি অন্যায়। যত কেন ক্ষুদ্র ঘটনা হউক না কেন তাহা প্রকাশ করা উচিত। এই রূপে হয় ত অনেক গুরুতর ঘটনাও গোপন হইতে পারে। ফল আমরা একটি বিষয় দেখিয়া অত্যন্ত ভীত হইয়াছি। ক্রমশ দুর্ঘটনা বৃদ্ধি হইতেছে। ৬৯ অব্দ ও ৭১ অব্দ অপেক্ষা ৭৩ অব্দে দুর্ঘটনার সংখ্যা ঢের বেশী এবং যদি ৭৩ অব্দের তালিকায় ক্ষুদ্র২ দুর্ঘটনা গুলি যোগ করা যাইত তাহা হইলে সম্ভবত উক্ত সালে ৭০ ও ৭১ সাল অপেক্ষাও বেশী দুর্ঘটনা দৃষ্ট হইত। এই রূপ দুর্ঘটনার বৃদ্ধি দেখিয়া অনেকের রেলওয়ে সম্বন্ধে আশংকা জন্মিতে পারে এবং ক্রম রেলওয়ে কম্পানির এত লোকসান হইতে পারে যে তাহারা ৫ টাকা সু... লোভেও আর এ দেশে টাকা ...টাইতে স... ...রিবেন না। অতএব রেলওয়ে
...র স্বার্থের দিকে দৃষ্টি থাকে
...ংখ্যা কম হয় ও রেলওয়ে
...প্রকার কষ্ট দূর হয় তৎ-
...গ প্রদান করিবেন।
...পর্য্যন্ত কত লোক হত
... তাহার তালিকা

আহত
...২০৪
...৪

...ধান তা-
...কে।
...রা

হইবে তেমনি লোক সাধারণেরও রেলওয়ের প্রতি আস্থা জন্মিবে। দ্বিতীয়তঃ কিঞ্চিৎ উচ্চ বেতন দিয়া এখনকার অপেক্ষা কিঞ্চিৎ উচ্চ দরের লোকদিগকে পইণ্টস ম্যানের কার্য্য নিযুক্ত করা কর্ত্তব্য। অশিক্ষিত কাণ্ডজ্ঞানশূন্য হিন্দুস্থানী দিগের উপরই সচারাচর এই ভারটী দেওয়া হয়, সুতরাং ইহাদিগের কর্ত্তৃক যে মাঝে মাঝে মহৎ অনিষ্টের সংঘটন হইবে তাহার আশ্চর্য্য কি?

সার রিচার্ড টেম্পল কিছু দিনের জন্য বেহার পরিত্যাগ করিয়া বাঙ্গলার উত্তর পূর্ব্ব অঞ্চল পরিদর্শন করিতে বহির্গত হন। তিনি মুঙ্গের হইতে বহির্গত হইয়া ঢাকা পর্য্যন্ত গমন করেন। পনর দিনে তিনি কুচবেহার, দিনাজপুর, রংপুর, বগুড়া, মালদহ, রাজসাহী ও ঢাকা পরিদর্শন করেন। এত অল্প সময়ের মধ্যে এতটি স্থান পরিদর্শন করায় যে বিশেষ কোন ফল হইয়াছে তাহা আমাদের বোধ হয় না। তবে সার রিচার্ড টেম্পেলের অধ্যবসায় ও পরিশ্রম শীলতা দেখিয়া আমরা অত্যন্ত সন্তুষ্ট হইয়াছি। তিনি বাঙ্গলার কি রূপ শাসন কর্ত্তা হইয়া উঠেন তাহা এখন পর্য্যন্ত আমরা কিছু বুঝিয়া উঠিতে পারি নাই। তবে তিনি যেরূপ মনোযোগের সঙ্গে দুর্ভিক্ষ পীড়িত স্থান সমূহ পরিদর্শন করিয়া বেড়াইতেছেন তাহাতে বোধ হয় তিনি অসামান্য ক্ষমতাপন্ন ব্যক্তি না হইলেও আমাদের পক্ষে মন্দ শাসন কর্ত্তা হইবেন না। সার রিচার্ড বলেন যে সর্ব্বত্রই উত্তম শস্য জন্মিয়াছে এবং ধান্যের যদি কোন বিশেষ বিঘ্ন না ঘটে তবে আর এক মাসের মধ্যে এই সকল স্থানের কষ্ট দূর হইবে।

রাজসাহীর অন্তর্গত নাটোর সব ডিবিসন হইতে আমরা কয়েক খানি পত্র প্রাপ্ত হইয়াছি। পত্র প্রেরকগণ বলেন যে উক্ত স্থানের অত্যন্ত শোচনীয় অবস্থা হইয়াছে। এখানে যে কয়েক জন রিলিফ আফিসর আছেন তাহাদের মধ্যে দুই তিন জন ব্যতীত আর সকলেই অকর্ম্মা। কিছু দিন হইল এক ব্যক্তি ক্ষুধার যন্ত্রণা সহ্য করিতে না পারিয়া উদ্বন্ধনে প্রাণ ত্যাগ করিয়াছে। গবর্ণমেণ্ট দুর্ভিক্ষ নিবারণের জন্য টাকার ভাণ্ডার খুলিয়া দিয়াছেন। যদি রিলিফ আফিসরদের তাচ্ছিল্যে অনশনে লোক মারা পড়ে তবে নিতান্ত আক্ষেপের বিষয়। আমরা ভরসা করি নাটোরের রিলিফ আফিসর গণের উপর যে গুরুতর ভার অর্পিত হইয়াছে তাহা তাহারা অবহেলা করিবেন না, কারণ তাহা হইলে শুদ্ধ এখানে নয় পরমেশ্বরের নিকটও তাহাদের জবাবদিহি করিতে হইবে।

আগামী শীতকালে হাইকোর্টের চিফ জষ্টিস ...চ সাহেব বিলাত গমন করিতেছেন। তিনি ... দেশে ফিরিয়া আসিবেন না। আমাদের চিফ ...কের নিকট যেরূপ অপ্রিয় তাহাতে এ সং... অসন্তুষ্ট হইবেন না। ইঁহার স্থানে কে ...হার এখন পর্যন্ত ঠিক হয় নাই। ...ন্দ্রাজ হাইকোর্টের প্রধান বিচার... ...র মর্গান আমাদের চিফ জষ্টিস ... পিকক কর্ম্ম পরিত্যাগ করিয়া ... চিফ জষ্টিসের পদের নিমিত্ত ...য়া ছিল।

ইনের ৩২ ধারা বঙ্গ দেশের সর্ব্বত্র প্রচলিত নাই। তবে কোন কোন জেলাতে অস্ত্র রাখিতে হইলে লাইসেন্স লইবার প্রয়োজন আর কোন কোন জেলাতে অস্ত্র রাখিতে হইলে লাইসেন্স লইবার প্রয়োজন নাই। গবর্ণমেণ্ট যে কি দেখিয়া এই দুই শ্রেণী করিয়াছেন তাহা আমরা ঠাহুরিয়া উঠিতে পারিলাম না। অন্য যদি কেহ পারেন এই নিমিত্ত এই দুই শ্রেণীস্থ জেলা গুলি আমরা নিম্নে উল্লেখ করিয়া দিলাম। যে যে স্থানে লাইসেন্স লইবার প্রয়োজন নাইঃ—রাজধানী, বর্দ্ধমান, কটক ও ছোটনাগপুর বিভাগ; চাম্পারণ ও ত্রিহুত; রাজসাহী, মালদহা ও পাবনা। আর যেখানে পাস ব্যতীত বন্দুক রাখা নিষিদ্ধঃ—কুচবেহার, ঢাকা ও চট্টগ্রাম বিভাগ; গয়া, পাটনা, সাহাবাদ; বগুড়া, রঙ্গপুর, দিনাজপুর, মুরশিদাবাদ। দেখিলে হঠাৎ বোধ হয় যে যেখানে মুসলমানের প্রাদুর্ভাব সেখানে পাস ব্যতীত কেহ অস্ত্র রাখিতে পারে না।

নেটিব সিবিল সারবিস পরীক্ষায় নিম্নলিখিত ব্যক্তিগণ উচ্চতর শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছেন এবং ইহারা এক শত টাকা ও ততোধিক বেতনের কার্য্যে নিযুক্ত হইতে পারিবেনঃ—

ললিত মোহন ধর, মন্মথ কুমার বসু, গঙ্গা নারায়ণ রায়, রেবেলো, শ্যামা চরণ মৈত্র, ভবতোষ বাঁড়ুয্যে, জগু নাথ বড়ুয়া, হরি মোহন সান্যাল, গগন চন্দ্র বাঁড়ুয্যে, টাকারী, গোপাল চন্দ্র মুখুয্যে, যোগেন্দ্র নারায়ণ গুপ্ত, মাহাম্মদ আজিম, নীলাম্বর পাল, শিবানন্দ লাল রায়, দ্বারিকা নাথ মুখুয্যে, কেদার নাথ ঘোষ, আব্দুল রহিম খাঁ, অমূল্য চরণ মল্লিক, ইন্দ্রেশ্বর বড়ুয়া, খুদিরাম পোদ্দার, আবদুল ওহাব, গোপাল চন্দ্র বাঁড়ুয্যে, আবদুল খালেক, বিপীন বেহারী প্রামাণিক, নন্দ কিশোর দাস, ভুবন মোহন বাঁড়ুয্যে, মহেন্দ্র নাথ ভট্টাচার্য্য, ডাবাস ওয়েল, বাডায়ারী, দেবি প্রসাদ।

সম্প্রতি খাস আপীল সম্বন্ধে গবর্ণমেণ্ট একটি গুরুতর পরিবর্ত্তন করিতেছেন। আমাদের ভূত পূর্ব্ব চিফ জষ্টিস পিকক সাহেব এ সম্বন্ধে একটি তালিকা বাহির করেন। তাহা দ্বারা তিনি দেখান যে ৩০৪৭ টি খাস আপীলের মধ্যে ১৫৪৩ টির দাবি এক শত টাকার কম। তিনি আরো দেখান যে যদিও এই মকদ্দমা গুলির দাবি এক শত টাকার কম, কিন্তু ইহা বিচার করিতে গবর্ণমেণ্টের প্রতি মকর্দ্দায় এক শত কুড়ি টাকা করিয়া ব্যয় পড়িয়াছে। তিনি আমোদ করিয়া বলেন যে এত গণ্ড গোল না করিয়া গবর্ণমেণ্ট যদি গাঁটি হইতে দাবির টাকাট, উভয় পক্ষের খরচা এবং উভয় পক্ষকে ইহার উপর যদি কিছু মেঠাই খাইতে দেন তবু গবর্ণমেণ্টের লাভ থাকে। এই সব দেখিয়া শুনিয়া গবর্ণমেণ্ট সংকল্প করিয়াছেন যে খাস আপীল এক প্রকারে উঠাইয়া দিবেন। তাহারা দুইটী নিয়ম করিতেছেন। প্রথ... যদি নিম্ন আদালতের রায় আপীল আদালত বহাল করেন, তবে তাহার খাস আপীল হইবে না। দ্বিতীয়তঃ যদি মকদ্দমার দাবী দুই শত টাকার কম হয়, তবে বহালই হউক আর রদই হউক তাহার আর খাস আপীল হইবে না।

আমরা প্রায়ই সংবাদ পাইতেছি যে মফ... স্থানে২ অত্যন্ত সর্পের প্রাদুর্ভাব হইয়াছে। ক... ব্যক্তি সর্প দষ্ট হইয়া প্রাণ ত্যাগও করিয়া... যাহারা সর্প দংশনের আশঙ্কা করেন তাহাদের ... যে মাল বৈদ্যদের মতে সর্পাঘাতের চিকিৎসা... এক এক খানি অন...

বিজ্ঞাপন।

পুরু বিক্রম নাটক।

সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে, পটলডাঙ্গা পুস্তক বিক্রেতাদিগের নিকট ও ৫৫ নং আমহার্ষ্ট ষ্ট্রীট বাল্মীকি যন্ত্রালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে। মূল্য এক টাকা, ডাক মাশুল ৵০ দুই আনা।

স্থানাভাব প্রযুক্ত গত কয়েক সপ্তাহের মূল্য প্রাপ্তি আমরা স্বীকার করিতে পারি নাই। গ্রাহকগণ অনুগ্রহ করিয়া বিরক্ত হইবেন না।

শ্রীচন্দ্র নাথ রায়
প্রকাশক।

সংবাদ

—হিন্দুহিতৈষিণী বলেন "শ্রীহট্টের কারাগারে আরো ৯টী ঘানি গাছ প্রস্তুত করিতে আদেশ হইয়াছে। ইহা দ্বারা কারাবাসিগণের বিলক্ষণ ব্যায়াম শিক্ষা হইবে। গবর্ণমেণ্ট কয়েদী দিগকে সুশিক্ষিত করিয়া ছাড়িয়া দিতেছেন। ইহার পরে এক এক জনের শরীরে ৩৷ টাকার একটা বলদের বল হইবে সন্দেহ কি! বাঙ্গালীদিগের পক্ষে এক বলদের বল পাওয়াও সামান্য সৌভাগ্যের বিষয় নহে! নির্ব্বোধ বঙ্গালীরা গবর্ণমেণ্টের উদ্দেশ্য ও কৌশল বুঝিতে না পারিয়া সময়ে ২ নানা কথা বলিতে থাকে।"

সহচর বলেন, "অদ্য আমরা আর এক মহাপুরুষের দর্শন পাইয়াছি। আমরা শুনিলাম ইনি বেঙ্গলপুলিসের এক জন প্রধান কর্ম্মচারী, ফতেগরে থাকেন। গত বৃহস্পতিবার বৈকালে শ্রীরামপুরের ষ্টেসনে ট্রেন আসিয়া পৌঁছিলে, বাবু বিহারীলাল রায় নামে এক জন ভদ্রলোক, মধ্যশ্রেণীর টিকিট লইয়া একখানি মধ্যশ্রেণীর গাড়িতে উঠিতে গিয়া দেখেন, সেই গাড়িতে এক জন মাত্র সাহেব রহিয়াছেন। তিনি ইহা দেখিয়া উহাতে উঠিতে প্রয়াস পান। কিন্তু সাহেব কালা বাঙ্গালি দেখিয়া কোন মতেই উঠিতে দিলেন না বরং নানা বিধ কটু কাটব্য বলিতে লাগিলেন। বেহারী বাবু ষ্টেসনমাষ্টরকে এই বিষয় জানাইলেন। ষ্টেসনমাষ্টর জাতি ভাইয়ের অপমান অসহ্য বিবেচনায় বেহারী বাবুকে পার্শ্ববর্ত্তী কামরায় উঠিতে বলিলেন, উহাতে তিলার্দ্ধ স্থান ছিল না, তথাপি অগত্যা তাঁহাকে উহাতেই যাইতে হইল। সাহেবের তথাপি [illegible] পড়িল না। তিনি তখন ও নানারূপ গালি [illegible]গিলেন। অবশেষে কোন্নগরের ষ্টেসনে গাড়ি পৌঁছিলে, বেহারী বাবু, দুঃখিত হইয়া ষ্টেসন [illegible]কে (বাঙ্গালি) ঐ বিষয় অবগত করিলেন, এবং [সা]হেবের নাম জানিবার জন্য অনুরোধ করিলেন। ষ্টেসনমাষ্টর বেহারী বাবুকে সঙ্গে লইয়া সাহেবের নিকট উপস্থিত হইলেন, এবং আদালতে অভিযোগার্থ সাহেবের নাম জিজ্ঞাসা করিলেন। সাহেব কীটাকীট নিগার বাঙ্গালির এরূপ আস্পর্দ্ধা দর্শনে ক্রোধে [...] হইয়া, গাড়ি হইতে অবতরণ পূর্ব্বক সহসা বেহারী [বা]বুর বক্ষঃস্থলে এক ঘুসি মারিলেন। বেহারী বাবু প্রথমে কিছুই বলিলেন না। অবশেষে বাড়াবাড়ি দেখিয়া আত্ম রক্ষার্থ উহা প্রত্যর্পণ করিতে বাধ্য হইলেন। কিয়ৎকাল উভয়ে ঘোরতর ঘুসাঘুসি ও হস্তাহস্তি উপস্থিত হইল। শেষে নিগারের কাষ্ঠ ঘুসিতে সাহেবের [...] দর্শন দিল। মাংসাশী সাহেব নেটিবের প্রহারে [...] হইয়া পড়িলেন; কণ্ডুয়ন কতক নিবৃত্ত হইল। [ই]হা দেখিয়া প্রথম শ্রেণীর কএক জন সাহেব শশব্যস্তে তথায় উপস্থিত হইলেম। তখন কাউয়ার্ড ভেতো [বা]লি গম্ভীর স্বরে বলিলেন, "আপনারা ভদ্র[লো]কের ন্যায় এক এক করিয়া আসুন। দেখা যাউক [...]র বাহুবল কত! নতুবা আপনারা ৪। ৫ জন একত্র [...] আমার সহিত লাগিলে আমি পারিব কেন?" [শু]নিয়া সাহেবেরা প্রহৃত সাহেবটিকে লইয়া [...] গেলেন। সেই সময়ে পুলিষ উভয়কে [...] [ক]রিন। অদ্য শ্রীরামপুরের মেজিষ্ট্রে[...] [সা]হেব বাবাজীরই ৩[...]

আশ্চর্য্য হইলাম, সাহেব মহাপুরুষ কিল খাইয়া কিল চুরি করিয়াছিলেন। এটী বোধ হয় লজ্জার ভয়ে। যাহা হউক, আমরা বেহারী বাবুর অসম সাহস দেখিয়া বিস্ময়াপন্ন হইয়াছি। তিনি সাহেবের শ্বেত গাত্রে হাত তুলিলেন কেমন করে!! অথবা "নরাণাং মাতুলক্রমঃ" এই যে প্রবাদ বাক্য আছে, এ স্থলে তাহা দর্শন করা গেল। তিনি যে লোকের ভাগিনেয়, ইহা তদুপযুক্ত কার্য্যই হইয়াছে। রিসিড়া নিবাসী মৃত বাবু কালীকুমার দে তাহার মাতুল ছিলেন। অনেক ইংরাজ কালী বাবুর নামে হাড়ে কাঁপিতেন। বস্তুতঃ কালী বাবু দুষ্ট ও নষ্ট প্রকৃতি ইংরাজ দিগের পক্ষে মহৌষধ স্বরূপ ছিলেন। এই উপলক্ষে আমরা ডেলি নিউস সম্পাদককে কিঞ্চিৎ জলযোগ না দিয়া নিরস্ত হইতে পারিলাম না। ডেলি নিউস সম্পাদক স্বজাতি পক্ষপাতের বশবর্ত্তী হইয়া, এই ঘটনাটী বিপরীত বর্ণন করিয়া স্বজাতির মান রক্ষা করিয়াছেন। বাঙ্গালির হাতে মার খাওয়া বড লজ্জার বিষয়। ইহা কি সম্পাদক প্রাণ থাকিতে কলমে বাহির করিতে পারেন। বলিতে কি, বাঙ্গালিদের আজি কালি বড় বেয়াদবি হইতেছে। ইহারা গাধার মত প্রহার গালি প্রভৃতি সহ্য করে না কেন?"

—হতভাগ্য নবীন পোর্ট ব্লেয়ার হইতে এক খানি পত্র তাহার আফিসের কোন বন্ধুকে লিখিয়াছে। আমরা উহা সাপ্তাহিক সমাচার হইতে গ্রহণ করিয়া এ স্থলে প্রকাশ করিলাম। "আপনাদের নিকট হইতে বিদায় হইবার পর আর সাক্ষাৎ রহিত এবং পত্রাদি দ্বারা মহাশয়ের কোন সংবাদ পাই নাই। আমার দুরদৃষ্ট বশতঃ যে ভাবে যে মোকদ্দমায় দায়মাল হইয়া কালাপাণি পোর্ট ব্লেয়ার টাপুতে চালান হইয়া কয়েদি হইয়াছি তদ বিবরণ লিখিয়া কি জানাইব? স্থানটী টাপুই বটে; চতুষ্পার্শ্বে সমুদ্র, তন্মধ্যে স্থত হইয়া জীবন মৃত্যু অবস্থায় কাল যাপন করিতেছি। বিধি আমাকে যে এমত কঠোর যন্ত্রণায় পতিত করিবেন তাহা আমার স্বপ্নের অগোচর। যে প্রণালীতে দিন গত করিতেছি তাহাতে এ ঘোর বিপদ হইতে উদ্ধার না হইলে স্বল্প কালের মধ্যেই যে প্রাণ বিয়োগ হইবেক তৎপক্ষে সন্দেহ বিহীন। আত্মীয় বন্ধু মহাশয় দিগের সহিত জীবনান্ত সময়ে যে সাক্ষাৎ হইল না এইটী খেদের বিষয়। শ্রীযুক্ত—বন্দ্যোপাধ্যায় মহাশয়ের এক পত্র পূর্ব্বে প্রাপ্ত হই; তৎপরে তিনি এ দাসকে আর কোন পত্রাদি না লেখাতে সম্পূর্ণ চিন্তাযুক্ত আছি। পূর্ব্ব পত্রে লিখিয়াছেন অনেক ভদ্র লোক একত্র হইয়া আমার মুক্তির জন্য গবর্ণমেণ্টে সত্বরই দরখাস্ত করিবেন, তাহারি বা কি হইল, তাহার কিছুই জানিতে পারিলাম না। বন্ধু মহাশয় গো! আমি মিনতি পূর্ব্বক জানাইতেছি ভরসা মহাশয়েরা, যাহাতে আমার উদ্ধারের উপায় চেষ্টা সত্বরে ঘটনা হয় তাহা করিবেন এবং প্রশংসিত বন্দ্যোপাধ্যায় মহাশয়কে সত্বরে বলিবেন। তিনি আমার উদ্ধারের চেষ্টা করিতেছেন কি না ও বহু দিন পত্রাদি না দেওয়ার কারণ কি, বিস্তারিত জানিয়া অতি সত্বরে এই পত্রের প্রতিউত্তর লিখিবেন। মহাশয় গো! আমি কেনই বা বিবাহ করিয়া ছিলাম? বিবাহ না করিলে এমত ঘটনা হইত না। বিধি আমাকে কেন এমত কুপথগামী ক[...] য়াছিলেন? এক্ষণে পরের জন্য প্রাণ যায়, সকলই ক[পা]লের লেখা। বোধ করি চিন্তা ও পরিশ্রম উভয়[...] সত্বরই প্রাণ বিয়োগ হইবেক। আমি [...] থাকিলাম পত্রের প্রতি উত্তর সহ [...] বেন। নিবেদন ইতি সন ১২[...]

—বোম্বাইয়ে এক [...] চারী আছেন [...] একাশী [...] [...]রিয়া [...] হই[...] হে যাবৎ [...] অবস্থায় [...]

